



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।

www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৪২.০০১.১৭.১৭৮

তারিখ: ৩১ আগস্ট ১৪২৯

১৬ অক্টোবর ২০২২

বিষয়: উজানে ভারী বৃষ্টিজনিত কারণে গঙ্গা ও ব্ৰহ্মপুত্ৰ অববাহিকায় পানি বৃদ্ধি এবং উক্ত পানি নামার সময় বাঁধে/নদীতীরের ভাঙানরোধে ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিতকরণ ও নিবিড় তদারকি নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, উজানে ভারী বৃষ্টিজনিত কারণে গঙ্গা ও ব্ৰহ্মপুত্ৰ অববাহিকায় পানি বৃদ্ধি এবং উক্ত পানি নামার সময় বাঁধে/নদীতীরের ভাঙানরোধে ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিতকরণ ও নিবিড় তদারকি নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, উজানে ভারী বৃষ্টিজনিত কারণে গঙ্গা ও ব্ৰহ্মপুত্ৰ অববাহিকায় পানি বৃদ্ধি এবং উক্ত পানি নামার সময় আপনার জোনের অধীন নদী অববাহিকায় সাময়িক বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। বর্তমানে ব্ৰহ্মপুত্ৰ-যমুনা, গঙ্গা-পদ্মা, আপার মেঘনাসহ বিভিন্ন নদীতে পানি সাময়িকভাবে বৃদ্ধি পেলেও তা কমে আসবে এবং পানি নামার প্রবণতা ধীরে ধীরে বৃদ্ধি পাবে। এই পরিস্থিতিতে দেশের প্রধান নদ-নদীর অববাহিকা সংলগ্ন নদীগাড়, বন্যা নিয়ন্ত্রণ বাঁধ সহ উপকূলীয় বেড়িবাঁধ/নদীতীর ও পোল্ডারসমূহ ভাঙনের ঝুঁকিতে থাকতে পারে। উপকূলীয় এলাকাসমূহে বেড়িবাঁধ স্থানীয় জনসাধারণের ফসল ও জানমাল রক্ষার্থে ঢাল হিসেবে কাজ করে। পানি নামার সময় বেড়িবাঁধ/নদীতীরের ভাঙানজনিত কারণে জনসাধারণের জানমাল তথা গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহকে রক্ষা করার নিমিত্ত বাঁধের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ নিবিড় তদারকি করা প্রয়োজন। আসন্ন সম্ভাব্য ভাঙান হতে জানমাল তথা স্থানীয় গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষার্থে সার্বিক প্রস্তুতি রাখতে হবে।

এমতাবস্থায়, ভাঙান হতে জানমাল তথা স্থানীয় গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও নিবিড় তদারকি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

১৬-১০-২০২২

মোঃ রফিকুল ইসলাম চৌধুরী
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

ফোন: ০২-২২২২৩০১০০

ইমেইল:

ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-

পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-

পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল, বাপাউবো,

ঢাকা/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/ফরিদপুর/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৮২.০০১.১৭.১৭৮/১(৫)

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯
১৬ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ৩) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১৬-১০-২০২২

মোঃ রফিকুল ইসলাম চৌধুরী
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)